



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-(অংশ-১)-৩৭

তারিখ: ২৬ পৌষ ১৪২৭
১০ জানুয়ারি ২০২১

বিষয় : তৃতীয় ধাপে ৬৪টি পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ৩০ জানুয়ারি ২০২১ তারিখ শনিবার তৃতীয় ধাপে ৬৪টি পৌরসভার সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে (সময়সূচির প্রজ্ঞাপন সংযুক্ত)। উক্ত নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৯ জানুয়ারি ২০২১ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ৩০ জানুয়ারি ২০২১ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত নিম্নোক্ত নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

(১) লঞ্চ

(২) ইঞ্জিন চালিত সকল ধরনের নৌ-যান (ইঞ্জিন চালিত ক্ষুদ্র নৌযান বা জনগণ তথা ভোটারদের চলাচলের জন্য ব্যবহৃত ক্ষুদ্র নৌযান ব্যতীত)

(৩) স্প্রীড বোট

১। উপরোক্তখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। সেই সাথে নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত নৌ-যান চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। তাছাড়া, প্রধান প্রধান নৌ-পথে বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। সে সাথে ভোটার ও জনসাধারণের চলাচলের একমাত্র মাধ্যম হিসেবে সকল নৌ-যান চলাচলের ক্ষেত্রে ও দূর পাল্লার নৌ-যান চলাচলের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

৩। বর্ণিতাবস্থায়, উল্লিখিত নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৯ জানুয়ারি ২০২১ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ৩০ জানুয়ারি ২০২১ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত উল্লিখিত নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষ-কে ক্ষমতা প্রদানের জন্যে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১/১
১০/৩/২০২১

(মোঃ আতিয়ার রহমান)

উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা

ফোন: ০২-৫৫০০৭৫২৫

E-mail: sasemc1@gmail.com

সচিব

নৌ-পরিবহন মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃষ্টি আকর্ষণ: সহকারী সচিব (প্রশাসন-১)]

অফিসের ঠিকানাঃ

C:\Users\User\Desktop\Paurashava Election 2nd Step\3rd Board letter.doc

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-(অংশ-১)-৩৭

তারিখ: ২৬ পৌষ ১৪২৭
১০ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় /জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/কোষ্টগার্ড/র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব), ঢাকা
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার,(সংশ্লিষ্ট) বিভাগ
১০. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনসিটিউট, ঢাকা
১১. উপ মহাপুলিশ পরিদর্শক,(সংশ্লিষ্ট) রেঞ্জ
১২. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. উপসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. জেলা প্রশাসক,(সংশ্লিষ্ট)
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,(সংশ্লিষ্ট) অঞ্চল
১৭. পুলিশ সুপার,(সংশ্লিষ্ট)
১৮.(সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
১৯. জেলা কমান্ড্যাণ্ট, আনসার ও ভিডিপি,(সংশ্লিষ্ট)
২০. উপজেলা নির্বাহী অফিসার,(সংশ্লিষ্ট)
২১. জেলা তথ্য অফিসার,(সংশ্লিষ্ট)
২২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাবএর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
(মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব,(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৬.(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা,(সংশ্লিষ্ট) থানা।

*৪৪
২০/০৩/২০২২*
(মোহাম্মদ মোরশেদ আলম)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com